

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৯৫৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭৯৬]

৫২। কিয়ামত, জায়াত ও জাহায়ামের বর্ণনা (کتاب صفة القيامة والجنة والنار)

পরিচ্ছেদঃ ৫. মহান আল্লাহর বাণীঃ "আপনি তাদের মাঝে অবস্থানকালে কক্ষনো আল্লাহ তাদেরকে আযাব দিবেন না"

باب فِي قَوْلِهِ تَعَالَى { وَمَا كَانَ اللَّهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ}

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَادِ الْعَنْبَرِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ الْحَمِيدِ الزِّيَادِيِّ، أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكِ، يَقُولُ قَالَ أَبُو جَهْلِ اللَّهُمَّ إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوِ الْتِنَا بِعَذَابٍ أَلِيمٍ. فَنَزَلَتْ (وَمَا كَانَ اللَّهُ لِيُعَذَّبِهُمْ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوِ الْتِنَا بِعَذَابٍ أَلِيمٍ. فَنَزَلَتْ (وَمَا كَانَ اللَّهُ لِيُعَذَّبِهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ * وَمَا لَهُمْ أَلاَّ يُعَذَّبِهُمُ اللَّهُ وَهُمْ يَصنُدُونَ عَن الْمَسْجِدِ الْحَرَامِ) إِلَى آخِرِ الآيَةِ .

বাংলা

৬৯৫৭-(৩৭/২৭৯৬) উবাইদুল্লাহ ইবনু মুআয আল আম্বারী (রহঃ) আনাস ইবনু মালিক (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আবু জাহল বলল, "হে আল্লাহ! এটা যদি তোমার তরফ থেকে সত্য হয়, তাহলে আমাদের উপর আকাশ থেকে প্রস্তর বর্ষণ করো অথবা আমাদের কঠিন 'আযাব দাও।" তখন অবতীর্ণ হলোঃ "আল্লাহ এমন নন যে, আপনি তাদের মাঝে অবস্থান করবেন আর তিনি তাদের আযাব দিবেন এবং আল্লাহ এমনও নন যে, তারা মার্জনা প্রার্থনা করবে আর তিনি তাদের আযাব দিবেন। আর তাদের কি বা বলার আছে যে, আল্লাহ তাদের আযাব দিবেন না, যদিও তারা লোকেদের মসজিদুল হারাম হতে নিবৃত্ত করে?" (সূরা আল আনফাল ৮ঃ ৩৩-৩৪) আয়াতের শেষ পর্যন্ত। (ইসলামিক ফাউন্ডেশন ৬৮০৭, ইসলামিক সেন্টার ৬৮৬১)

English

Anas b. Malik reported that Abu Jahl said:

O Allah, if he is true, then shower upon us the volley of stones from the sky or inflict upon us a grievous torment, and it was on this occasion that this verse was revealed:" 'Allah would never torment them so long as you are amongst them. And Allah is not going to torment them as long as they seek forgiveness. And why is it that Allah should not torment them and they



prevent people from coming to the sacred mosque...." (viii. 34) to the end.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন